যুগান্তর

তারিখ ... 05 SEP 2016 ...
পৃষ্ঠা ... ৭/৮ ... কলাম ... ৭ ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স শেষ পর্বে ভর্তির আবেদনের সময় বৃদ্ধি

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে (নিয়মিত) ভর্তির আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে। ভর্তি কার্যক্রমে যেসব প্রার্থী ইতিপূর্বে প্রাথমিক আবেদন করতে পারেননি, তারা আগামী ২০ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে ২৪ সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত অনলাইনে প্রাথমিক আবেদন করতে পারবেন। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd ওয়েবসাইট থেকে জানা যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।